

২০২০

বাংলা - সাধারণ

পঞ্চম সেমেস্টার

পত্র : DSE-A-2

(বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

Day 1

- ১। (ক) “এই কাহিনীতে ব্যোমকেশ আছে, রহস্য আছে, খুন-জখম আছে, রহস্যভেদ আছে, তবু এটা রহস্য কাহিনী কি না ঠিক বুঝতে পারছি না।”
— ‘শজারুর কাঁটা’-র ভূমিকাধৃত এই বক্তব্যে লেখক শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের এ কাহিনীকে ‘রহস্য কাহিনী’ বলতে দ্বিধার কারণটি কাহিনী অবলম্বনে বিচার করো। ১০

অথবা,

- (খ) শরদিন্দু বন্দ্যোপাধ্যায়ের ‘শজারুর কাঁটা’-র কাহিনী অবলম্বনে দীপা চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

- ২। (ক) কল্পবিজ্ঞানের কাহিনী হিসাবে প্রোফেসর শঙ্কুর ডায়েরিগুলি কতখানি সার্থক, তা যে-কোনো দুটি পাঠ্যকাহিনী অবলম্বনে বিচার করো। ১০

অথবা,

- (খ) প্রোফেসর শঙ্কুর কোন দুটি পাঠ্যকাহিনীতে মৃতদেহে প্রাণসঞ্চয়ের প্রসঙ্গ রয়েছে? কিশোরমনের উপযোগী আকর্ষণীয় উপাদান ঐ কাহিনী দুটিতে কতখানি আছে তা আলোচনা করো। ২+৮

- ৩। (ক) “...তাঁর (লীলা মজুমদার-এর) গল্পে ভূতের চেহারা নিপাট ভালমানুষের মতন, শুধু হাবেভাবে মালুম হয় যে তারা ভূত।”
— ‘সব ভূতুড়ে’ গ্রন্থের যে-কোনো দুটি গল্প অবলম্বনে এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১০

অথবা,

- (খ) কিশোর গ্রন্থ ‘সব ভূতুড়ে’ গল্পগ্রন্থে ছড়িয়ে আছে বহু কিশোর ভূত চরিত্র। এইরকম দুটি কিশোর ভূত চরিত্র আলোচনা করে দেখাও, কিশোর পাঠকদের মনের কতখানি উপযোগী হয়ে উঠেছে তারা। ১০

- ৪। (ক) ‘দেবাশিসের জীবনযাত্রা বিয়ের আগে যেমন ছিল বিয়ের পরেও তেমনি রয়ে গেল।’
— লেখকের এহেন মন্তব্যের কারণ কী? ৫

অথবা,

- (খ) শজারুর কাঁটা দেবাশিস ভট্ট-র হার্টকে বিঁধতে না পারার কারণ কী তা জানাও। ৫

Please Turn Over

৫। (ক) প্রোফেসর শঙ্কুর তৈরি রোবুর বর্ণনা দাও।

৫

অথবা,

(খ) ‘প্রোফেসর শঙ্কু ও গোলক রহস্য’ থেকে গোলকটির রং পরিবর্তনের বর্ণনা দাও। এই রং পরিবর্তনের সঙ্গে কীসের মিল আছে?

৩+২

৬। (ক) ‘ভূতুড়ে গল্প’-তে কথকের পিসেমশাই যে বাড়িতে রাত কাটাবে বলে গিয়েছিল, সেই বাড়িটির বর্ণনা দাও।

৫

অথবা,

(খ) স্নেহপরায়ণ বাঙালি মহিলা চরিত্র নির্মাণে লীলা মজুমদারের কৃতিত্ব ‘অহিদিদির বন্ধুরা’ এবং ‘বাপের ভিটে’ গল্পদুটি অবলম্বনে বুঝিয়ে দাও।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫

(ক) অর্জিত

(খ) হিপনোজেন

(গ) গোলাবাড়ির সার্কিট হাউস।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) ‘শজারুর কাঁটা’ গল্পটির প্রথম প্রকাশ কত সালে?

(খ) ‘শজারুর কাঁটা’ গল্পে পুলিশ ইন্সপেক্টরের নাম কী?

(গ) দীপা এবং দেবশিসের বিবাহের ঘটকালি কে করেছিল?

(ঘ) “বউদি, আপনি নিশ্চয় আসবেন, নইলে দীপার লজ্জা ভাঙবে না।” — কাকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে?

(ঙ) ‘শজারুর কাঁটা’ গল্পে দেবশিস ভট্ট-র ফ্যাক্টরির নাম কী ছিল?

(চ) ‘ব্যোমযাত্রীর ডায়েরি’ গল্পটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল?

(ছ) প্রোফেসর শঙ্কুর মাইক্রোসনোগ্রাফ যন্ত্রটি কী কাজে ব্যবহার হত?

(জ) প্রোফেসর শঙ্কুর পোষা বিড়ালটির নাম কী?

(ঝ) ‘প্রোফেসর শঙ্কু ও ম্যাকাও’-এ তরফদার ম্যাকাওটিকে কোথা থেকে সংগ্রহ করেছিলেন?

(ঞ) অবিনাশবাবু কে ছিলেন?

(ট) ‘সব ভূতুড়ে’ গল্পগ্রন্থে মোট ক-টি গল্প সংকলিত হয়েছে?

(ঠ) ‘পেনেটিতে’ গল্পে কথক তার যে বন্ধুদের ভয় দেখাবে বলে ঠিক করেছিল, তাদের নাম কী কী?

(ড) ‘অহিদিদির বন্ধুরা’ গল্পে জিব-কাঁটার দলের সর্দারের নাম কী ছিল?

(ঢ) ‘স্পাই’ গল্পে কোন অঞ্চলের ঘটনার কথা বলেছেন লীলা মজুমদার?

(ণ) মহারাজ নন্দকুমারের প্রাণ বাঁচানোর প্রসঙ্গ ‘সব ভূতুড়ে’ গল্পগ্রন্থের যে গল্পে আছে, সেই গল্পটির নাম লেখো।